



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৮

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিষয়: আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ২০-১২-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭২তম সভার সিদ্ধান্ত মোতাবেক সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন দরগাহপুর এস.কে.আর.এইচ উচ্চ বিদ্যালয়, এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী গাজী-কে সাময়িক বরখাস্তকালে বিধি মোতাবেক বেতন-ভাতা হালনাগাদ পরিশোধ করা প্রসঙ্গে

সূত্র: ক) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭২ তম সভার সিদ্ধান্ত

খ) মহামান্য হাইকোর্টের ৬১০২/২০২১ সংখ্যক রিট পিটিশনের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন দরগাহপুর এস.কে.আর.এইচ উচ্চ বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী গাজী-এর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি নিয়ে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ২০-১২-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭২তম সভায় বিশদভাবে শুনানী করা হয়। উক্ত সভায় বাদী অনুপস্থিত ছিলেন, বিবাদী উপস্থিত ছিলেন। বাদী ই-মেইলে প্রেরিত একটি আবেদনে জানিয়েছেন, তিনি এইচএসসি পরীক্ষার কেন্দ্রসচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। একই দিনে উচ্চ মাধ্যমিক পরীক্ষা থাকায় সময় তিনি প্রার্থনা করেছেন। অপরদিকে, বিবাদী কর্তৃক দায়েরকৃত ৬১০২/২০২১ সংখ্যক রিট পিটিশনের আদেশে মহামান্য আদালত জনাব মো: জুলফিকার আলী গাজী, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) কে সাময়িক বরখাস্তকালীন সাবসিস্টেন্স এলাউন্স প্রদানের আদেশ দিয়েছেন। এমতাবস্থায়, বিবাদী সময় প্রার্থনা করে অনুপস্থিত থাকায় পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে, বিবাদী জনাব মো: জুলফিকার আলী গাজী, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)-কে সাময়িক বরখাস্তকালে বিধি মোতাবেক বেতন-ভাতা হালনাগাদ পরিশোধ করার জন্য কলেজ কর্তৃপক্ষকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ২০-১২-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭২তম সভার ২/৪-এর আলোচ্যসূচির সিদ্ধান্ত এবং মহামান্য হাইকোর্টের ৬১০২/২০২১ সংখ্যক রিট পিটিশনের আদেশ মোতাবেক সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলাধীন দরগাহপুর এস.কে.আর.এইচ. উচ্চ বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী গাজী-কে সাময়িক বরখাস্তকালে বিধি মোতাবেক বেতন-ভাতা হালনাগাদ পরিশোধ করার জন্য বলা হলো।

৬-১-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

সভাপতি, গভার্ণিং বডি

দরগাহপুর এস.কে.আর.এইচ উচ্চ বিদ্যালয়, আশাশুনি,

সাতক্ষীরা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৮/১(৬)

তারিখ: ২২ পৌষ ১৪২৮
০৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা
- ৩) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), দরগাহপুর এস.কে.আর.এইচ. উচ্চ বিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা
- ৪) জনাব মো: জুলফিকার আলী গাজী (অধ্যক্ষ সাময়িক বরখাস্তকৃত), রগাহপুর এস.কে.আর.এইচ উচ্চ বিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৬-১-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক